

## ঈশ্বর একটি দুষ্ট নগরীর প্রাচীরকে ভেঙ্গে দিয়েছিলেন

প্রার্থনাঃ “প্রভু, তুমি ছোটদের তোমার বাধ্য হতে সাহায্য করুন তারা তোমায় প্রেম করে।”

এর মধ্যে যে কোনও ছোটদের শিক্ষার কার্যকলাপ বেছে নিন, যেগুলি তাদের বয়স এবং প্রয়োজনের মানান সই হয়।



একজন বড় ছেলেমেয়ে অথবা শিক্ষককে যিরীহোর প্রাচীরের কাহিনী পাঠ করতে অথবা মুখস্থ বলতে দিন। (যিহোশূয় ৬ঃ১-২০)

● ধার্মিক নেতা যিহোশূয় ঈশ্বরের প্রতি বাধ্যতার দ্বারা, তার লোকদের নেতৃত্ব দিয়েছিলেন।

● প্রথমে ছোটদেরকে শুনতে বলুন এবং তারপর আবিষ্কার করতে বলুন, ঈশ্বর কিভাবে তাঁর শক্তি এবং ইস্রায়েলীয়দের বাধ্যতা উভয়কে ব্যবহার করে যুদ্ধে বিজয় আনয়ন করেছিলেন।

গল্পটি বলার পর এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল।

● যিরীহো বিজয়ের জন্য ঈশ্বর কাকে তাঁর নির্দেশবলী প্রদান করেছিলেন? (যিহোশূয় ৬ঃ২)

- ঈশ্বর ইস্রায়েলীয়দের ছয়দিন ধরে প্রত্যেকদিন কি করার নির্দেশ দিয়েছিলেন? (৩ পদ)
- সপ্তমদিনে কি করার জন্যে ঈশ্বর লোকদেরকে নির্দেশ দিয়েছিলেন? (৪-৫ পদ)
- লোকেরা যখন ঈশ্বরের বাধ্য হয়েছিল তখন যিরীহোর প্রাচীরের কি হয়েছিল? (২০ পদ)
- যিহোশূয় যে একজন উত্তম নেতা ছিলেন তা কি প্রকারে বোঝা যায়? (তিনি ঈশ্বরের নির্দেশাবলী যত্ন সহকারে পালন করেছিলেন)

যিরীহোর প্রাচীরের এর ঘটনার কিছু অংশ নাটক আকারে প্রস্তুত কর। প্রধান উপাসক মন্ডলীর আরাধনাকারী নেতাদের সহযোগে নাটকটি উপস্থাপিত করুন।

- ছোটদের সাথে আপনার সময়কে নাটকটি প্রস্তুত করতে ব্যবহার করুন। বড়ছেলেমেয়েরা ছোটদের যাহায্যে করবে।
- সমস্ত অংশগুলিকে আপনার ব্যবহার করার দরকার নেই।
- বড়ছেলে মেয়ে অথবা প্রাপ্ত বয়স্করা এই অংশগুলিতে পাঠ করবেঃ-

বিবৃতিকারঃ গল্পটি সংক্ষেপ করবে এবং ছোটদেরকে কি বলতে ও করতে হবে তা স্মরণ করিয়ে দেবে।

ঈশ্বরের রবঃ

যিহোশূয় ঈশ্বরের নির্দেশাবলী অনুসরণ করবে।

একটু বড় ছেলেমেয়েরা এই ভূমিকাগুলিতে পাঠ করবেঃ

যাজকঃ একটি বড় বাস্ককে বহন করবে যা হল নিয়ম সিন্দুক। গোটানো কাগজকে তুরী হিসাবে ব্যবহার করবে।

ইস্রায়েলীয়গণঃ প্রাচীরের চারাদিকে প্রদক্ষিণ করবে।

যিরীহোর লোকজনঃ প্রথমে ইস্রায়েলীয়দের প্রতি হাঁসবে। কিন্তু যখন প্রাচীর ভেঙ্গে পড়বে তখন দৌড়ে পালাবে।

বিবৃতিকারঃ যিহোশূয় ৬ঃ১-১৪ থেকে গল্পের প্রথম ভাগ পড়বে। এরপর বলবে, “ঈশ্বর যিহোশূয়কে কি বলছেন, শুনুন।”

ঈশ্বরের রবঃ “যিহোশূয়, লোকদেরকে বল, তারা যেন সাতদিন ধরে প্রত্যেক দিন, যিরীহো নগরীকে প্রদক্ষিণ করে। সবার প্রথমে নিয়মসিন্দুক থাকবে, এরপর সপ্তম দিনে তুরী বাজাবে এবং প্রাচীর ভেঙ্গে পড়বে।”

যিহোশূয়ঃ ঈশ্বরের নির্দেশগুলিকে পুনরায় (ঈশ্বরের রব যা বলেছিল তা) ইস্রায়েলীয়দের বলবে।

যাজকগণঃ যিরীহো নগর প্রদক্ষিণ কালে, নিয়ম সিন্দুক বহন করবে এবং তুরী বাজাবে।

ইস্রায়েলীগণঃ যাজকরা যখন নগরের প্রাচীর প্রদক্ষিণ করবে তখন ইস্রায়েলীয়গণ তাদের অনুসরণ করবে।

যিরীহোর লোকজনঃ “ওই ভাবে ঘুরতেই থাকো” “যতক্ষণ না ওরকম করছে ততক্ষণ তোমরা প্রবেশ করতেই পারবে না”

বিবৃতিকারঃ যিহোশূয় ৬ঃ১৫-২০ অংশ থেকে গল্পের দ্বিতীয় ভাগ বলবে। এরপর বলবে, “যিহোশূয় তার লোকদের কি বলছে তা শুনুন।”

যিহোশূয়ঃ “তোমরা যখন তুরীধ্বনি শুনবে, তখন জোরে চীৎকার করে উঠবে। আর যিরীহোর প্রাচীর তখন মাটিতে পড়ে যাবে। আর তারপর তোমরা সরাসরি নগরের মধ্যে দৌড়ে ঢুকে যাবে।”

যাজক ও ইস্রায়েলীয়গণঃ জমা করে রাখা পাথরের চারপাশে সাতবার প্রদক্ষিণ করবে। কতবার প্রদক্ষিণ করছে তা প্রতিবার প্রদক্ষিণ কালে টেঁচিয়ে বলবে। সাতবারের প্রাক্কালে তুরী বাজাবে, জোরে চীৎকার করবে এবং প্রাচীরে ধাক্কা দেবে।

যিরীহোর লোকজনঃ দৌড়ে পালাবে। চীৎকার করে বলবে, “ইস্রায়েলের ঈশ্বর আমাদের প্রাচীরকে ভেঙ্গে দিয়েছেন!”

ছবিঃ ছেলেমেয়েদের যিরীহোর প্রাচীর পতনের অথবা স্তুপাকারে রাখা পাথরের ছবি আঁকতে দিন।

- ছেলেমেয়েদের ছবিগুলিকে আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের এবং ঘরে তাদের পিতামাতাকে দেখাতে দিন।
- তাদের ব্যাখ্যা করতে দিন যে, ঈশ্বর কিভাবে তাঁর শক্তি এবং আমাদের বাধ্যতা উভয়কে ব্যবহার করে, আমাদের চারপাশে শয়তানের গড়ে তোলা প্রাচীরকে ভেঙ্গে ফেলেন তা এই ছবিটা দেখায়।
- বড় ছেলেমেয়েদেরকে ছোটদের সাহায্যে করতে দিন।

প্রশ্ন সমূহঃ ছোটরা যদি এই নাটকটি প্রাপ্তবয়স্কদের জন্য উপস্থাপন করে থাকে তবে তাদেরকে উপরে দত্ত একই প্রশ্নগুলি প্রাপ্তবয়স্কদের জিজ্ঞাসা করতে দিন।

কার্যকলাপঃ সপ্তম দিনে যিরীহোর প্রাচীর ভেঙ্গে পড়ার ঘটনাটি দেখাও।

- ছোট পাথর অথবা বড় পাথরের চাঁই দিয়ে প্রাচীর বানাও।
- একজন বড় ছেলে / মেয়েকে কি করে প্রদক্ষিণ করতে হবে তা অবশিষ্ট যারা আছে তাদেরকে দেখিয়ে দিতে দিন।
- সাতবার প্রদক্ষিণ সমাপন কালে তারা তুরী বাজাবার এবং চীৎকার করার ভঙ্গি করবে। এরপর প্রাচীরের ওপর গিয়ে পড়বে।
- ছোটদের জন্য আপনি লজেন্স অথবা প্রাইজ পাথরের মধ্যে লুকিয়ে রাখতে পারেন যাতে তারা তা খুঁজে পায়।

আলোচনাঃ আমাদের বাধ্যতাকে ব্যবহার করে ঈশ্বর তাঁর শক্তির সাহায্যে যে মহৎ কাজ সাধন করেন তার অন্যান্য উদাহরণগুলি কি কি? ছোটদের অথবা প্রাপ্তবয়স্কদের উদাহরণ দিতে বলুন।

মুখস্থ পদঃ যোহন ১৪ঃ২৩

সপ্তাহের আলোচ্য বিষয়বস্তুর জন্য ছেলে মেয়েদের কবিতা, গান অথবা নাটক লিখিত বলুন।

প্রার্থনাঃ “হে পিতা আমরা তোমায় ভালোবাসি। আর সেজন্যই আমরা জানতে চাই সেইসব বিষয়গুলিকে, যেগুলি তুমি চাও যে আমরা করি, এবং আমরা আমাদের হৃদয় দিয়ে, আন্তরিক ভাবে তোমার বাধ্য হতে চাই। আমাদের নেতৃবৃন্দকে সাহায্য কর, যাতে তারা আমাদেরকে প্রতিদিন আরও বেশী করে তোমার বাক্যকে বুঝতে ও তার প্রতি বাধ্য হতে, সাহায্য করে।”